

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২১, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

প্রজ্ঞাপন

ঢাকা, ০১ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ/ ১৬ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২২.১৪৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘স্মার্ট বাংলাদেশ  
টাস্কফোর্স’ নিম্নরূপে গঠন করেছে :

(ক) টাস্কফোর্সের গঠন :

(১) প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	: চেয়ারপারসন
(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	: সদস্য
(৩) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়	: সদস্য
(৪) মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	: সদস্য
(৫) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	: সদস্য
(৬) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	: সদস্য
(৭) প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	: সদস্য
(৮) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ	: সদস্য
(৯) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	: সদস্য
(১০) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	: সদস্য

( ১৪৪০৯ )

মূল্য : টাকা ৪.০০

(১১) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	:	সদস্য
(১২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	:	সদস্য
(১৩) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	:	সদস্য
(১৪) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	:	সদস্য
(১৫) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন	:	সদস্য
(১৬) মহাপরিচালক, জাতীয় টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি)	:	সদস্য
(১৭) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	:	সদস্য
(১৮) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ	:	সদস্য
(১৯) ব্যবস্থাপনা পরিচালক, স্টার্ট আপ বাংলাদেশ লিমিটেড	:	সদস্য
(২০) বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়	:	সদস্য
(২১) বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	:	সদস্য
(২২) বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট	:	সদস্য
(২৩) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)	:	সদস্য
(২৪) সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন ফর সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)	:	সদস্য
(২৫) সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব কলসেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্সে)	:	সদস্য
(২৬) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)	:	সদস্য
(২৭) সভাপতি, ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)	:	সদস্য
(২৮) সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)	:	সদস্য
(২৯) জনাব আনীর চৌধুরী, পরামর্শক, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	:	সদস্য
(৩০) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	:	সদস্য-সচিব

এ টাস্কফোর্সে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) টাস্কফোর্সের কার্যপরিধি:

- (১) অগ্রসরমান তথ্যপ্রযুক্তি বাস্তবায়ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান;
- (২) শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও আর্থিক খাতের কার্যক্রমকে স্মার্ট পদ্ধতিতে রূপান্তরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে দিক নির্দেশনা প্রদান;
- (৩) স্মার্ট এবং সর্বত্র বিরাজমান সরকার গড়ে তোলার লক্ষ্যে অর্থনৈতিক, সামাজিক, বাণিজ্যিক ও বৈজ্ঞানিক পরিমণ্ডলে তথ্য প্রযুক্তি বিষয়ক বিধি-বিধান প্রণয়নে দিক নির্দেশনা প্রদান;
- (৪) বঙ্গবন্ধু স্যাটেলাইট-০২ উৎক্ষেপণে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;
- (৫) এজেন্সি ফর নলেজ অন এরোনোটিক্যাল অ্যান্ড স্পেস হরাইজন (AKASH)- আকাশ প্রতিষ্ঠার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;
- (৬) ব্লেন্ডেড এডুকেশন মহাপরিকল্পনা বাস্তবায়ন এবং ৫ জি সেবা চালু পরবর্তী সময়ে ব্যান্ডউইথের চাহিদা বিবেচনায় ৪র্থ সাবমেরিন ক্যাবলে সংযোগের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;
- (৭) রপ্তানির কাজিত লক্ষ্যমাত্রা অর্জনে মেইড ইন বাংলাদেশ পলিসি প্রণয়ন ও বাস্তবায়নে সময়াবদ্ধ লক্ষ্যমাত্রা নির্ধারণে দিক নির্দেশনা প্রদান;
- (৮) আর্থিক খাতের ডিজিটাইজেশন বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
- (৯) স্মার্ট বাংলাদেশ ২০৪১ (Smart Citizen, Smart Society, Smart Economy and Smart Government) বাস্তবায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নে দিক নির্দেশনা প্রদান।

(গ) টাস্কফোর্স প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) টাস্কফোর্সের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ টাস্কফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৭ মার্চ ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৮৮ নম্বর প্রজ্ঞাপন বাতিল করা হলো।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ আব্দুল বারিক

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)।